

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স -২ ১৬(আগরতলা, ১৬।৪)
ধর্মনগর, ১৬ এপ্রিল ২০ ১৮

উত্তর ত্রিপুরা জেলা ভিত্তিক সামাজিক
ন্যায় দিবস উদযাপিত

বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে গত ১৪ এপ্রিল ড. বি আর আশ্বেদকরের ১২৮ তম জন্ম দিবস উপলক্ষ্যে উত্তর ত্রিপুরা জেলা ভিত্তিক সামাজিক ন্যায় দিবস ও আশ্বেদকরের জন্মজয়ন্তী পালন করা হয়। উত্তর ত্রিপুরা জেলা প্রশাসন ও ধর্মনগর মহকুমা প্রশাসনের যৌথ উদ্যোগে ধর্মনগরস্থিত বিবেকানন্দ সার্থ শতবার্ষিকী ভবনে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করে উত্তর ত্রিপুরা জেলা শাসক শরদিন্দু চৌধুরী বলেন, গ্রাম স্বরাজ এর কর্মসূচির অঙ্গ হিসেবে ড. বি আর আশ্বেদকরের জন্ম দিনটি আজ সামাজিক ন্যায় দিবস হিসেবে পালন করা হয়। তিনি বলেন, কোন মানুষকে পেছনে রেখে সমাজ এগিয়ে যেতে পারে না। যারা এখনো পেছনে তাদেরকে এগিয়ে নিয়ে যেতে হবে। এই প্রসঙ্গে গ্রাম স্বরাজ অভিযানের কর্মসূচিতে যে সব প্রকল্প চালু হয়েছে সে সব প্রকল্পের সুযোগ সুবিধা অধিক সংখ্যক মানুষ যাতে নিতে পারেন এজন্য প্রকল্পের বিষয়ে মানুষের কাছে পৌঁছে দিতে এবং মানুষকে প্রকল্প সম্পর্কে জানাতে জেলা প্রশাসনের উদ্যোগে সচেতনতা কর্মসূচি নেয়া হবে।

এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে প্রাক্তন প্রধান শিক্ষক গুরুপদ চক্রবর্তী, বিশিষ্ট সমাজসেবী জওহর চক্রবর্তী, বিশিষ্ট শিক্ষাবিদ রসিক রঞ্জন গোস্বামী, ধর্মনগর মহকুমা ম্যাজিস্ট্রেট রাজেশ দাস প্রমুখ ড. বি আর আশ্বেদকরের জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। এছাড়াও অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন শক্তি ভট্টাচার্য্য, ধর্মনগর রাগনা সীমান্ত হাট উন্নয়ন কমিটির সভাপতি মুনাল কান্তি নাথ, সাধারণ সম্পাদক ধবলেন্দু ভট্টাচার্য্য, সমাজসেবী ভবতোষ দাস প্রমুখ।

এই অনুষ্ঠানে ধর্মনগর মহকুমা প্রশাসনের উদ্যোগে মহকুমার ৪৭৮ জন তপশিলী জাতি এবং ১৪৬ জন ও বি সি ভুক্ত ছাত্র-ছাত্রীকে ড. বি আর আশ্বেদকর মেধার্ব্তি পুরস্কার প্রদান করা হয়। অনুষ্ঠানে ড. বি আর আশ্বেদকরের জীবনী বিষয়ে আয়োজিত কুইজ প্রতিযোগিতায় বিজয়ী ছাত্র-ছাত্রীদেরকে বই ও কলম উপহার দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত অতিথিগণ ড. বি আর আশ্বেদকরের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন।

জি এস